

প্রতিবন্ধীদের ভাতা প্রদান  
শেখ হাসিনারই অবদান

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সমাজসেবা অধিদফতর  
সামাজিক নিরাপত্তা অধিশাখা  
www.dss.gov.bd



স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৪৯.০২.০০৮.২১.৮১৭

তারিখ: ০২ সেপ্টেম্বর ২০২১ খ্রি:

বিষয়: অসম্মল প্রতিবন্ধী ভাতা কর্মসূচির আওতায় ২০২১-২২ অর্থবছরে অতিরিক্ত উপকারভোগীর ইউনিয়ন/পৌরসভা/ওয়ার্ড ভিত্তিক বিভাজন প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকার ২০২০-২০২১ অর্থবছর হতে দেশের অসম্মল প্রতিবন্ধী ভাতা কর্মসূচির আওতায় উপকারভোগীর সংখ্যা শতভাগে উন্নীত করার সিদ্ধান্ত গ্রহণ করেছে এবং বর্ধিত প্রতিবন্ধীদের ক্ষেত্রেও একই কার্যক্রম চালু আছে। উক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে DIS এর ৩০ জুন/২০২১ তথ্য অনুযায়ী প্রণীত ইউনিয়ন/ পৌরসভা/ সিটিকর্পোরেশন ও ওয়ার্ড ভিত্তিক বিভাজন প্রস্তুত করে এতদসঙ্গে প্রেরণ করা হলো (কপি সংযুক্ত)। একই সাথে সুবিধাভোগী নির্বাচন ও পেরোল প্রেরণের জন্য নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলো।

১. প্রেরিত বরাদ্দ অনুযায়ী অসম্মল প্রতিবন্ধী ভাতা কর্মসূচির বিদ্যমান বাস্তবায়ন নীতিমালা অনুযায়ী প্রাপ্ত আবেদনপত্রসমূহ আগামী ৩০ সেপ্টেম্বর ২০২১ তারিখের মধ্যে যাচাই-বাছাই করে তালিকা চূড়ান্ত করতে হবে।
২. চলতি অর্থবছরেই নির্বাচিত ভাতাভোগীদের G2P পদ্ধতিতে ভাতা প্রদানের লক্ষ্যে MIS এ ডাটা এন্ট্রি ও ডাটা ভেলিডেশন ৭/১০/২০২১ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।
৩. সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সিদ্ধান্ত অনুযায়ী সংশ্লিষ্ট ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের মাধ্যমে উপকারভোগীর হিসাব খোলার কাজ সম্পন্ন করে আগামী ১৫/১০/২০২১ খ্রি: তারিখের মধ্যে ভাতা প্রদানের নিমিত্ত পে-রোল প্রেরণ নিশ্চিত করতে হবে।

এমতাবস্থায়, অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত বরাদ্দের বিভাজন (সংযুক্ত) এতদসঙ্গে প্রেরণ করা হলো।

এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

পরিচালক  
বিভাগীয় সমাজসেবা কার্যালয়,  
ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।

  
মেজ সাব্বির ইমামি

পরিচালক (সামাজিক নিরাপত্তা)

☎ ৪৪৮২৬৮০১

বিতরণ:

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১. মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, ঢাকা।
২. উপপরিচালক, গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা, সমাজসেবা অধিদফতর, ঢাকা। (তাকে বিভাজনসহ পত্রটি ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
৩. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সকল).....।
৪. উপজেলা/শহর সমাজসেবা অফিসার (সকল).....।

সদয় জ্ঞাতার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ .....
২. জেলা প্রশাসক (সকল).....।
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।